



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
Sher-e-Bangla Agricultural University
শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭

স্মারক নং- শেক্বি/শিক্ষা ও বৃত্তি/১(১৬৭)/২০২১/২০২৭

তারিখঃ ২৬/০৬/২০২২ খ্রিঃ

স্নাতকোত্তর প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব সীড টেকনোলজীতে জানুয়ারি-জুন/২০২২ সেমিস্টারে এমএস (সীড টেকনোলজী) কোর্সে ভর্তির জন্য দরখাস্ত আহবান করা হচ্ছে।

ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা: শেক্বি/ স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষিতে স্নাতক (সম্মান) ডিগ্রীধারী হতে হবে।

আসনসংখ্যা: ২৫ (পঁচিশ) জন

ভর্তি সংশ্লিষ্ট তথ্যাবলী:

ক) উপর্যুক্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণকে ভর্তির জন্য পরিচালক, ইনস্টিটিউট অব সীড টেকনোলজী, শেক্বি, ঢাকা-এর অফিস থেকে নির্ধারিত ভর্তির আবেদন ফরম নগদ ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র প্রদানপূর্বক ২৬/০৬/২০২২ খ্রিঃ থেকে সংগ্রহ করা যাবে এবং পূরণকৃত আবেদন ফরম ২৬/০৭/২০২২ খ্রিঃ মধ্যে সরাসরি অথবা ডাকযোগে পরিচালক, ইনস্টিটিউট অব সীড টেকনোলজী অফিসে জমা দিতে হবে।

খ) আবেদন ফরমের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, মার্কশীটের সত্যায়িত ফটোকপি সহ সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র ও ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি সংযোজন করতে হবে। চাকুরীরত প্রার্থীর ক্ষেত্রে আবেদন ফরমের সাথে সংশ্লিষ্ট নিয়োগকর্তার নিকট হতে অনুমতিপত্র সংযোজন করতে হবে।


গ) চাকুরীরত ও বৃত্তি প্রাপ্ত প্রার্থীর ক্ষেত্রে ভর্তির যোগ্যতা শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীকে উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। চাকুরীরত ও বৃত্তি প্রাপ্ত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে বৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা পত্র দিতে হবে এবং গবেষণা ব্যয় হিসাবে এমএস প্রোগ্রামের জন্য ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা সংশ্লিষ্ট অফিসে ভর্তির সময় জমা দিতে হবে।

ঘ) মেধা ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের তালিকা ২৮/০৭/২০২২ খ্রিঃ পরিচালক, ইনস্টিটিউট অব সীড টেকনোলজী অফিসের নোটিশ বোর্ডে দেয়া হবে।

ঙ) নির্বাচিত চাকুরীরত প্রার্থীকে ক্লাস শুরুর পূর্বেই নিয়োগকর্তার নিকট হতে প্রেষণাদেশ/অনুমতি পত্রের কপি পরিচালক, ইনস্টিটিউট অব সীড টেকনোলজী অফিসে জমা দিতে হবে।

চ) নির্বাচিত প্রার্থীগণকে ০২/০৮/২০২২ থেকে ০৩/০৮/২০২২ খ্রিঃ মধ্যে ভর্তির কার্যাদি সম্পন্ন করতে হবে।

অসম্পূর্ণ এবং অস্পষ্ট দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।



(শেখ রেজাউল করিম)

রেজিস্ট্রার

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়